

আন-নাজম | An-Najm | النُّجْم

আয়াতঃ ৫৩ : ২৯

আরবি মূল আয়াত:

فَاعْرِضْ عَنْ مَّن تَوَلَّىٰ عَنْ ذِكْرِنَا وَلَمْ يُرِدْ إِلَّا الْحَيَاةَ الدُّنْيَا ﴿٢٩﴾

অনুবাদসমূহ:

অতএব তুমি তাকে উপেক্ষা করে চল, যে আমার স্মরণ থেকে বিমুখ হয় এবং কেবল দুনিয়ার জীবনই কামনা করে। — আল-বায়ান

কাজেই যে আমার স্মরণ হতে মুখ ফিরিয়ে নেয় আর পার্থিব জীবন ছাড়া (অন্য কিছুই) কামনা করে না, তুমি তাকে এড়িয়ে চল। — তাইসিরুল

অতএব যে আমার স্মরণে বিমুখ তাকে উপেক্ষা করে চল; সেতো শুধু পার্থিব জীবন কামনা করে। — মুজিবুর রহমান

So turn away from whoever turns his back on Our message and desires not except the worldly life. — Sahih International

২৯. অতএব আপনি তাকে উপেক্ষা করে চলুন যে আমাদের স্মরণ(১) থেকে বিমুখ হয় এবং কেবল দুনিয়ার জীবনই কামনা করে।

(১) এখানে 'যিকর' শব্দটি কয়েকটি অর্থে ব্যবহৃত হয়েছে। এর অর্থ কুরআন, ঈমান, আখিরাত কিংবা ইবাদত হতে পারে। [ফাতহুল কাদীর, আইসারুত তাফসীর]

তাফসীরে জাকারিয়া

(২৯) অতএব তাকে উপেক্ষা করে চল, যে আমার স্মরণে বিমুখ এবং যে শুধু পার্থিব জীবনই কামনা করে।

-

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=4813>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন